

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ জুন ২০২২

ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের অভিষেক অনুষ্ঠানে মেয়র
রূপকল্প বাস্তবায়নে উন্নত বাংলাদেশ প্রতিষ্ঠায়
কারিগরি জ্ঞানকে সমৃদ্ধ করার বিকল্প নেই

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চতুর্থ শিল্প বিপ্লব ও ২০৪১ সালের রূপকল্প বাস্তবায়নে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠা করতে এবং উন্নয়নশীল দেশের কর্মসংস্থানে নেতৃত্বে দিতে কারিগরি জ্ঞান, শ্রম ও ত্যাগের সমন্বয়ে কর্মপ্রত্যাশী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের প্রস্তুত হতে হবে। জ্ঞান ও অভিজ্ঞতার সার্টিফিকেট প্রয়োজন পড়েনা, দক্ষতা অর্জন করতে পারলে যোগ্যতার মাফকাটি এমনিতে তৈরী হয়। তিনি জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে একটি সুন্দর সমৃদ্ধ বাংলাদেশ গড়তে ডিপ্লোমা প্রকৌশলীদের দক্ষতা অর্জনে মনোযোগী হওয়ার আহবান জানান। আজ শুক্রবার বিকিলে চট্টগ্রাম প্রেস ক্লাবের বঙ্গবন্ধু হলে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের নবগঠিত কমিটির অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র একথা বলেন।

কর্মপ্রত্যাশী ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌশলী মো রফিকুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন এসোসিয়েশনের কেন্দ্রীয় সহসভাপতি প্রকৌশলী জাফর আহমেদ সাদেক, প্রকৌশলী নেছার উদ্দীন, জসিম উদ্দীন, পলিটেকনিকের সাবেক অধ্যক্ষ মো নুরুল কবীর, মুক্তিযোদ্ধা প্রকৌশলী আবদুল কুদ্দুস, দেওয়ান মাকসুদ আহমেদ, প্রকৌশলী দেলোয়ার হোসেন খোকা, ফয়সল ফরিদ চৌধুরী, ফরহাদুল আলম, মো.সাইফুল আলম প্রমুখ।

মেয়র আরো বলেন, বাংলাদেশ সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়নে প্রকৌশলীরা সম্মুখ যোদ্ধা, তাই কারিগরি দক্ষ ও মানসম্পন্ন ডিপ্লোমা প্রকৌশলী তৈরী করা সময়ের দাবী। কারিগরি দক্ষতা সম্পন্ন প্রকৌশলীগণ সরকারের মিশন, ভিশন ও মেগা প্রকল্প বাস্তবায়নে অগ্রনী ভূমিকা পালন করতে। তিনি পদ্মা সেতু নির্মাণে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ভূমিকা উল্লেখ করে আগামীতেও দেশের উন্নয়নে তাদের ভূমিকা অগ্রগণ্য হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩